দৈনিক
ইনকিলাব

JUL. 31 2000

পৃষ্ঠা ১ কলাম ১

## পরীক্ষা পিছানোর দাবী

# ছাত্র-পুলিশ দফায় দফায় সংঘর্ষে বুয়েট রণক্ষেত্র

### আহত অর্ধ শতাধিক : রাস্তা অবরোধ : গাড়ী ভাঙচুর

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে পুলিশের ব্যাপক সংঘর্ষ ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। পরীক্ষা পিছানোর দাবীতে আন্দোলনরত ছাত্রদের সাথে পুলিশের সংঘর্ষে পুলিশসহ অর্ধ শতাধিক ছাত্র আহত হয়েছে। গতকাল (রোববার) রাত সাড়ে ৯টার দিকে পুলিশের সাথে ছাত্রদের দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। উত্তেজিত ছাত্ররা পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে। পুলিশও ছাত্রদের উপর বেপরোয়া লাঠিচার্জ করে।

*১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন*

## বুয়েট রণক্ষেত্র

*প্রথম পৃষ্ঠার পর*

ছাত্ররা রাস্তা অবরোধ করে বেশ কিছু গাড়ী ভাঙচুর করেছে। তারা আবাসিক শিক্ষকদের বাসভবনে হামলা চালিয়ে দরজা-জানালাসহ ১২টি গাড়ীও ভাঙচুর করে। এক ঘন্টাব্যাপী সংঘর্ষ চলাকালে ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। আহতদের মধ্যে ১২ জন ছাত্রকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত ১২ জন পুলিশ সদস্যকে রাতে রাজারবাগ পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়। গতরাত ১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

জানা গেছে, গতকাল সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত পরীক্ষা পিছানোর দাবীতে বুয়েটের ছাত্ররা রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এক পর্যায়ে তারা মিছিল করে ভিসির অপসারণ দাবী করে। রাত ৯টার দিকে ছাত্ররা আবার একত্রিত হয়ে মিছিল করে রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে। এসময় ছাত্ররা গাড়ী ভাঙচুরের চেষ্টা চালায়। খবর পেয়ে বিপুল পরিমাণে পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। তারা বেপরোয়া ছাত্রদের উপর লাঠিচার্জ শুরু করে। ছাত্ররাও এসময় পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে। উভয় পক্ষের মধ্যে শুরু হয় ব্যাপক সংঘর্ষ। ছাত্রদের সাথে পুলিশের দফায় দফায় সংঘর্ষ চলে। এক পর্যায়ে পুলিশ বিভিন্ন হলে ঢুকে নির্বিচারে ছাত্রদের হামলা ও লাটিচার্জ করে। উত্তেজিত ছাত্ররা এসময় আবাসিক শিক্ষকদের বাসভবনে হামলা চালিয়ে বাসভবনের দরজা-জানালা ভাঙচুর করে। বাসভবনের সামনে রাখা শিক্ষকদের ১২টি গাড়ী ছাত্ররা ভাঙচুর করে। আবাসিক বাসভবনের শিক্ষকদের পরিবার বাসভবনে অবরুদ্ধ হয়ে পড়ে। পুলিশের সাথে সংঘর্ষে অর্ধ শতাধিক ছাত্র আহত হয়। এদের মধ্যে শাওন (২২), সজিব (২২), বুয়েট ছাত্রলীগের সহ-সভাপতি আজম (২৪), আতিকুল ইসলাম আজাদ, ছাত্রলীগ বুয়েট শাখার সাধারণ সম্পাদক অমিত কুমার চক্রবর্তী, সাকিল (২৩), তন্ময় (২১), রনি (২২), রাশেদ (২২), দিমান (২৩), শশী (২২), সঞ্জিব (২৩) কে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। আহত ১২ জন পুলিশ সদস্যকে রাতে রাজারবাগ পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে পুলিশ জানায়। গতরাত ১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।